



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.১০.০০০০.০০৫.৪৫.০৫৬.২১- ২৭২

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৮  
১৩ জুলাই ২০২১

অফিস আদেশ

গত ০২/০৬/২০২১ তারিখ সময় আনুমানিক সকাল ১১.১৫ টায় বালিয়ারপুর ল্যান্ডফিলে প্রবেশমুখে কম্পেক্টর নং-১১-১২৪১ এর চালক এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনা ঘটান। উক্ত দুর্ঘটনায় ঘটনাস্থলে ১ জন হোতা (মটর সাইকেল) আরোহী প্রাণ হারায় এবং অপর ১ জন মারাত্মক আহত হয়ে ঘটনাস্থলে পড়ে থাকে। কিছু সময় পর হাইওয়ে পুলিশ এসে নিহত ও আহত ব্যক্তিদ্বয়কে উদ্ধার করে হাসপাতাল নিয়ে যায়। সংগঠিত দুর্ঘটনার জন্য কম্পেক্টর নং-১১-১২৪১ এর চালক জনাব মোঃ নুরুজ্জামান মল্লিক দায়ী বলে মনে করেন। চালকের চরম অসতর্কতা এবং প্রবেশ মুখে দ্রুত গাড়ী চালনা করায় এ ঘটনা সংগঠিত হয়েছে মর্মে পরিবহন বিভাগ থেকে জানানো হয়েছে।

পরিবহন বিভাগ কর্তৃক সভার মডেল থানায় যোগাযোগ পূর্বক মামলার প্রাথমিক তথ্য বিবরণী, এজাহারের কপি ও ভিডিও ফুটেজ সংগ্রহ করা হয়েছে। ভিডিও ফুটেজ পর্যালোচনায় দেখা যায় যে, গাড়িটি কম্পেক্টর ট্রাক ঢাকা মেট্রো-শ-১১-১২৪১ এবং গাড়িটি স্থায়ী গাড়ি চালক (ভারী) জনাব মোঃ নুরুজ্জামান মল্লিক এর নামে বরাদ্দকৃত। বর্তমানে গাড়ি চালককে গাড়ি চালানোর দায়িত্ব হতে বিরত রাখা হয়েছে। অভিযুক্ত চালক জনাব মোঃ নুরুজ্জামান মল্লিক বর্তমানে অফিসে অবস্থান করছেন।

সার্বিক বিষয়টি তদন্তের জন্য নিম্নরূপ তদন্ত কমিটি গঠন করা হলোঃ

আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-০৪, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	আহ্বায়ক
নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), প্রকৌশল বিভাগ, যান্ত্রিক সার্কেল	সদস্য

গঠিত কমিটি আগামী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে বিষয়টি তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করবে।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২২/৭/২০২১

মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক  
সচিব

ফোন-৮৮৩৪৯৩০

secretary@dncc.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহা-ব্যবস্থাপক (পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-০৪, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), প্রকৌশল বিভাগ, যান্ত্রিক সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। জনাব মোঃ নুরুজ্জামান মল্লিক, গাড়ী চালক (ভারী), পরিবহন বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৮। অফিস কপি।